

(প্রেস বিজ্ঞপ্তি)

০১ নভেম্বর ২০২২ খ্রি.

কুলগাঁও চসিক কলেজের অনুষ্ঠানে মেয়র

## সাধারণ শিক্ষার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের দক্ষ ও কারিগরি শিক্ষার মাধ্যমে প্রকৃত মানব সম্পদে পরিনত করতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নতুন প্রজন্মকে মুক্তিযোদ্ধের সঠিক ইতিহাস সম্পর্কে জ্ঞান দেয়া না গেলে তারা দেশের সঠিক ইতিহাস জানা থেকে বঞ্চিত হবে। নতুন নেতৃত্ব গঠনে দেশও পিছিয়ে পড়বে। মুক্তিযোদ্ধের ইতিহাস ও গৌরবগাঁথা মুক্তিযুদ্ধে যারা অবদান রেখেছেন তাদের ইতিহাস সম্পর্কে জানতে হবে। তিনি বলেন, শিক্ষার্থীদের শুধুমাত্র পুথিগত শিক্ষায় শিক্ষিত করলে হবে না। সুশিক্ষিত জাতি গঠনে ছাত্র-ছাত্রীদের নীতি-নৈতিকতা ও মূল্যবোধের জ্ঞানের উপর গুরুত্ব দিয়ে। তথ্যপ্রযুক্তির এই যুগে সাধারণ শিক্ষার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের দক্ষ ও কারিগরি শিক্ষার মাধ্যমে প্রকৃত মানব সম্পদে পরিনত করতে হবে। আজ মঙ্গলবার সকালে কুলগাঁও সিটি কর্পোরেশন স্কুল ও কলেজের বিদায় সম্বর্ধনা, নবীন বরণ ও বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন কাউন্সিলর শাহেদ ইকবাল বাবু, প্রধান শিক্ষা কর্মকর্তা বেগম লুৎফুন নাহার, কলেজ পরিচালনা কমিটির সদস্য মো. এয়াকুব, শিক্ষার্থী তাসফিয়া তাজনিন অহি। উপস্থিত ছিলেন শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, কাপাস গোলা কলেজের অধ্যক্ষ নূর বেগম, পরিচালনা কমিটির সদস্য নাছির তালুকদার, কুলগাঁও স্কুলের প্রধান শিক্ষক শুধাৎসু বিকাশ কর স্থানীয় আওয়ামীলীগ নেতা হাজী নরুল আলম, মো. ইকবাল, মোস্তাক আহমদ, হাজী ইব্রাহীম প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ আমিরুল হক খান।

মেয়র বলেন, যে জাতি নিজ দেশের সঠিক ইতিহাস, সংস্কৃতি ও ঐতিহ্য সম্পর্কে জানেনা, সেই জাতি কখনো উন্নতি করতে পারেন না। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, এই শিক্ষা প্রতিষ্ঠানে ভাবমূর্তি রক্ষায় অধ্যয়নে তোমাদের মনোযোগি ও পরিশ্রমী হতে হবে। পারিবারিক অনুশাসন ও ধর্মীয় রীতিনীতি মেনে চললে নিজেস্ব সৎ, আদর্শবান ও আলোকিত মানুষ হিসেবে প্রতিষ্ঠিত করতে পারবে।

সভাপতির বক্তব্য প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম বলেন, শিক্ষার্থীদের পড়ালেখার পরিবেশ নিশ্চিত করার জন্য কলেজ পরিচালনা পরিষদকে সঠিকভাবে দায়িত্ব পালন করতে হবে এবং শিক্ষাকে বাণিজ্যিকি করণ করার মানসিকতা পরিহার করতে হবে। কলেজ ভবন তৈরী, বাউন্ডারি দেয়াল ও খেলার মাঠের সংস্কারের ব্যাপারে যে দাবী উত্থাপন করে হয়েছে তা শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসেলিটিস বিভাগের সাথে যোগাযোগ করে সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহন করার জন্য কলেজ পরিচালনা কমিটিকে তিনি পরামর্শ প্রদান করেন।

সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী অনুষ্ঠানে শুরুতে জাতীয় পতাকা ও কলেজ পতেকা উত্তোলন করে অনুষ্ঠানে উদ্বোধন করে ত্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন এবং কলেজে মুজিব কর্নারেও উদ্বোধন করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

## এডিস মশার বংশ বিস্তার রোধে পরিচালিত অভিযানে

### ৭ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর হালিশহর হাউজিং এস্টেট এলাকায় (এইচ-ব্লক) ডেপু রোগ প্রতিরোধে এডিস মশার উৎসস্থল বিভিন্ন বাসা বাড়ীর ছাদ বাগান ও নির্মাণাধীন ভবন পরিদর্শন করা হয়। সে সময় এডিস মশা জন্ম স্থান পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য জনসাধারণকে সচেতন করা হয়। এই সময় দুইটি নির্মাণাধীন ভবনের নীচে এডিস মশার বংশবিস্তারে জমাটবদ্ধ

পানির উৎস পাওয়ায় ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৭ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩